গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www.kaliganj.lalmonirhat.gov.bd

## কালীগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা নম্বর | ঃ | ০৬ |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৯/১২/২০২৪, সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভাপতি | ঃ | সিফাত আনোয়ার তুমপা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সদস্যবৃন্দের উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' (উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা)। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিভাগ ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানানো হয় এবং নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ**<br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। প্রশাসক হিসাবে উপজেলা পরিষদের সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ও কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.২ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ২.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। চন্দ্রপুর ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বাউন্ডারী ওয়াল এবং প্রয়োজনীয় আসবাবপত্র প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান রয়েছে। | ৩.১ চন্দ্রপুর ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বাউন্ডারী ওয়াল এবং প্রয়োজনীয় আসবাবপত্র প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৩.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণ করা হয়েছে। সার সংকট নিরসনের বিষয়ে উপজেলার সার ডিলাগণের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | ৪.১ চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সুষ্ঠুভাবে রোপা আমন ধানের সার ও বীজ বিতরণ এবং সার সংকট নিরসনের বিষয়ে উপজেলার সার ডিলাগণের সাথে আলোচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, সংক্রামক রোগ দমনে টিকাদান কর্মসূচী চলমান রয়েছে। শীতকালীন হাঁস-মুরগীর রোগ দমনে ব্যাপকভাবে টিকাদান কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৫.১ সংক্রামক রোগ দমনে টিকাদান কর্মসূচী চলমান রাখাসহ শীতকালীন হাঁস-মুরগীর রোগ দমনে ব্যাপকভাবে টিকাদান কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মাছ ইলিশের জাটকা প্রতিবছর ০১ নভেম্বর হতে ৩০জুন ধরা, বিক্রি, আহরণ ও পরিবহণ নিষিদ্ধ মর্মে বিভিন্ন ধরণের প্রচার-প্রচারণা, মাইকিং, লিফলেট বিতরণ করা হচ্ছে মর্মে সভায় জানান। | ৬.১ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে জাতীয় মাছ ইলিশের জাটকা ধরা, বিক্রি, আহরণ ও পরিবহণ নিষিদ্ধের বিষয়ে বিভিন্ন ধরণের প্রচার-প্রচারণা, মাইকিং, লিফলেট বিতরণ অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর দপ্তর**<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র প্রকল্প তালিকা চূড়ান্তকরণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তিনি আরও জানান যে, উপজেলা পর্যায়ে যে সকল রাস্তার এখন পর্যন্ত আইডিভুক্ত হয়নিসেসকল রাস্তার তালিকা প্রেরণের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। উপজেলা পরিষদ ডাকবাংলো সংলগ্ন সীমানা প্রাচীরের কাজ সমাপ্ত হয়েছে; কিন্তু উক্ত সীমানা প্রাচীরের ০১টি গেট এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছিল যার কাজ এখন পর্যন্ত অসামাপ্ত রয়েছে। | ৭.১ উপজেলা পর্যায়ে যে সকল রাস্তার এখন পর্যন্ত আইডিভুক্ত হয়নি সেসকল রাস্তার তালিকা প্রেরণের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭.২ উপজেলা পরিষদ ডাকবাংলো সংলগ্ন সীমানা প্রাচীরের কাজ সমাপ্ত হয়েছে; কিন্তু উক্ত সীমানা প্রাচীরের ০১টি গেট নির্মাণের কাজ এখন পর্যন্ত অসামাপ্ত রয়েছে; যা নির্মাণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। বাংলাদেশ প্রিমিয়ারলীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপিত হচ্ছে প্রতিটি বিদ্যালয়ে, তারই ধারাবাহিকতায় আগামী ২৩ ও ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে তুষভান্ডার রমনী মোহন মেমোরিয়াল সরকারি উচ্চ বিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে মর্মে সভায় জানান। | ৮.১ বাংলাদেশ প্রিমিয়ারলীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপিত হচ্ছে প্রতিটি বিদ্যালয়ে। তারই ধারাবাহিকতায় আগামী ২৩ ও ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে তুষভান্ডার রমনী মোহন মেমোরিয়াল সরকারি উচ্চ বিদ্যালয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে মর্মে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৯.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, তার ভবনের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে বারান্দা মেরামত করা প্রয়োজন মর্মে সভায় জানান। | ১০.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে তা মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৯.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১১.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমাজসেবা দপ্তর**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন ২০২৪-২০২৫ অর্থ বছরের বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যায়নি। এয়াড়া ২য় কিস্তির পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। | ১২.১ ২য় কিস্তির পে-রোল প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল |
| ১৩ | **উপজেলা ত্রাণ শাখা**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টি,আর, কাবিখা ও কাবিটা প্রকল্পের আওতায় এখন পর্যন্ত বরাদ্দ পাওয়া যায়নি। শীতবস্ত্র হিসেবে জেলা হতে প্রাপ্ত ২৫০টি কম্বল এবং ১৭৫০টি ইউনিয়ন পর্যায়ে পুন: বরাদ্দ প্রদান করা হয়েছে। ০৭টি ব্রীজের মধ্যে ০৩টি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং অপর ০৪টি ব্রীজের নির্মাণ কাজ চলমান রয়েছে। | ১৩.১ জেলা হতে প্রাপ্ত ২৫০টি এবং ইউনিয়ন পর্যায়ে পুন: বরাদ্দ ১৭৫০টি কম্বল সুষ্ঠুভাবে বিতরণে জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ব্রীজ/কালভার্ট নির্মাণে সর্বদা নজরদারী অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। এছাড়া ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। | ১৪.১ উপজেলা সমবায় কর্মকর্তাকে নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। প্রশিক্ষণ প্রদান (পুরুষ ৪৯৬৩ জন ও মহিলা ৩৮৯৯ জন)। ঋণ বিতরণ-২,২১,৯৪,৫০০/- ও ঋণ আদায় ১,৬৭,৭৭,৩৯৮/- টাকা। ঋণ আদায়ের হার ৮৪.৮৪%। | ১৫.১ নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কালীগঞ্জ উপজেলায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ প্রকল্পের ১৮টি কাজ শেষ হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ১৬.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ১৮টি প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে শেষ হয়েছে মর্মে ধন্যবাদ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ |
| ১৭ | **বনবিভাগ**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তার দপ্তরের অফিস ঘর মেরামত করা একান্ত প্রয়োজন মর্মে সভায় জানান। | ১৭.১ ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্রের অফিস ঘর মেরামত করার সভায় অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **বিবিধ**<br>১৮.১ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলা পরিষদের সোলার প্যানেলটি সংস্কারের জন্য সভায় উপস্থাপন করেন। সেইসাথে তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কনফারেন্স রুম ও উপজেলা পরিষদ মিলনায়তনের নামকরণের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | ১৮.১ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত উপজেলা পরিষদের সোলার প্যানেলটি রাজস্ব তহবিল হতে সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.২ উপজেলা পরিষদ কনফারেন্স রুম এর নাম কৃষ্ণচূড়া ও উপজেলা পরিষদ মিলনায়তন এর নাম রাধাচূড়া নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

১৯/১২/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইলনং-০১৭৩৩৩০০২১৩।

স্মারক নম্বর:- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৪-১০৪

তারিখ: ০৪ পৌষ ১৪৩১ / ১৯ ডিসেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ------------------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ---------------------------------------------- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।

১৯/১২/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

CamScanner

পরিশিষ্ট 'ক'

## নভেম্বর-২০২৪ মাসের উপস্থিত/অনুপস্থিততালিকা

### উপস্থিত সদস্যদের তালিকা

| জনপ্রতিনিধি/গণ্যমান্যব্যক্তি | | | কর্মকর্তা | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | নাম/পদবী | হাজিরা | ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| ১. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ১. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ২. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৩. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৪. | চেয়ারম্যান, দলগ্রাম ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৫. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৫. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৬. | প্যানেল চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৬. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৭. | প্যানেল চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৭. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৮. | প্যানেল চেয়ারম্যান,কাকিনা ইউপি, কালীগঞ্জ | উপস্থিত | ৮. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১০. | উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১২. | উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৪. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| | | | ১৬. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ। | উপস্থিত |

### অনুপস্থিত সদস্যদেরতালিকা

| জনপ্রতিনিধি/গণ্যমান্যব্যক্তি | | | কর্মকর্তা | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | নাম/পদবী | হাজিরা | ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| | | | ১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |

১৯/১২/২৪

উপজেলানির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

CS CamScanner